

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মোমারশীপ/২০২৪/ 216

১৮ ডিসেম্বর ২০২৪

সকল সম্মানিত সদস্য/সহযোগী সদস্যদের জন্য

বিষয়ঃ বিজিএমইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহের বাণিজ্যিক কর্মকর্তাদের আইডি কার্ড প্রদান প্রসঙ্গে।

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় ২০২৫ সালেও বিজিএমইএ থেকে পোশাক শিল্পের বাণিজ্যিক কর্মকর্তাদের আইডি কার্ড সরবরাহ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। ১ জানুয়ারি ২০২৫ থেকে বিজিএমইএ'তে আইডি কার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে।

আইডি কার্ডের জন্য নিম্নোক্ত তথ্যগুলো ইংরেজীতে পূরণ করে কোম্পানীর লেটার হেড প্যাডে বিজিএমইএ'র মহাসচিব বরাবর আবেদনপত্র জমা দিতে হবেঃ

1. Name of Commercial Officer :
2. Designation :
3. Name of Unit :
4. Reg. No. :
5. Blood Group :
6. Telephone No. :
7. Mobile No. :
8. E-Mail ID :
9. Signature :

নিয়মাবলীঃ-

১. প্রতিটি গার্মেন্টস প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ২ জন কর্মকর্তা আইডি কার্ডের জন্য আবেদন করতে পারবেন।
২. প্রতিটি আইডি কার্ডের জন্য ৩০০/- (তিনশত) টাকা জমা করতঃ মানি রিসিপ্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩. আইডি কার্ডের জন্য ২ কপি আবেদন পত্র দাখিল করতে হবে। প্রতিটি আবেদন পত্রের সাথে ১টি করে পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
৪. প্রতিষ্ঠানের প্যাডে প্রেরিত আবেদনটি অবশ্যই চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর/পার্টনার দ্বারা স্বাক্ষরিত হতে হবে এবং প্রতিষ্ঠানের সীল থাকতে হবে। আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের Bond License অথবা Specimen Signature এর ফটোকপি জমা দিতে হবে।
৫. গ্রুপ অব কোম্পানীর ক্ষেত্রে প্রতিটি কার্ডে সর্বোচ্চ ৫টি প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা যাবে এবং প্রতিটি ইউনিটের জন্য ৩০০/- টাকা জমা করতে হবে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব